নম্বর 202.83

<u>নির্বাহী আদেশ</u>

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা আইনের সকল স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখছি, এবং সেই সকল নির্দেশ যা কার্যনির্বাহী আদেশ 202.36, 202.37, 202.46, 202.47, 202.54, 202.58, 202.59, 202.65 এবং 202.70-এ উল্লিখিত নির্দেশগুলি, যেমন নির্বাহী আদেশ 202.76-তে অব্যাহত রাখা এবং উল্লিখিত হয়েছে, সেগুলি 17 জানুয়ারী 2021 পর্যন্ত আরো ত্রিশ দিনের জন্য অব্যাহত এবং অপরিবর্তিত রাখছি, এবং আমি এতদ্বারা নিম্নলিখিতগুলি সাময়িকভাবে স্থগিত রাখছি বা পরিবর্তিত করছি এই নির্বাহী দেশের তারিখ থেকে 17 জানুয়ারী 2021 পর্যন্ত:

- বাস্তব সম্পত্তি কর আইনের (Real Property Tax Law) সেকশন 459-c এর সাবডিভিশন 7, 7-a এবং 8 এবং বাস্তব সম্পত্তি কর আইনের সেকশন 467 এর সাবডিভিশন 5, 5-a, 5-b, 5-c এবং 6 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন একটি মূল্যায়নকারী ইউনিটের গভর্নিং বডির একটি রেজোলিউশন পাশ করার জন্য 2021 এর মূল্যায়নের রোলের সংশ্লিষ্ট সেকশন অনুযায়ী ছাড় প্রদানের জন্য সেই সকল সম্পত্তির মালিকদের যারা 2020 মূল্যায়নের রোলে সেই ছাড় প্রাপ্ত হন, যার ফলে সেই সকল ব্যক্তির থেকে পুনর্নবীকরণের আবেদনপত্রের প্রয়োজন আর থাকে না, এবং তাদের কাছে পুনর্নবীকরণের আবেদনপত্র পাঠানোর প্রয়জনীয়তাও আর থাকে না মূল্যায়নকারীদের। কিন্তু এই শর্তে যে গভর্নিং বডি, তার বিকল্প হিসেবে, এই ধরনের রেজোলিউশনে এমন প্রক্রিয়া অন্তর্ভুক্ত করতে পারে যার দ্বারা মূল্যায়নকারী একটি নবায়নের আবেদন দাখিল করা প্রয়োজনীয় করতে পারে যখন তার বিশ্বাস করার কারণ থাকে যে একজন মালিক যিনি 2020 মূল্যায়ন রোলে অব্যাহতি পাওয়ার যোগ্য হয়েছিলেন, তিনি হয়ত তার প্রাথমিক বাসস্থান পরিবর্তন করে থাকতে পারেন, চুক্তিতে একটি নতুন মালিককে যোগ করে থাকতে পারেন,সম্পত্তিটি একটি নতুন মালিকের কাছে হস্তান্তর করে থাকতে পারেন, অথবা মারা গেছেন;

- এর পরিপন্থী কোন আইন বা বিধি থাকা সত্ত্বেও স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের নথি বজায় রাখার বাধ্যবাধকতা থেকে ছাড় দেওয়া হয়েছে সেই পরিসর পর্যন্ত যা স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের প্রয়োজন সেই সব কাজ সম্পন্ন করার জন্য যা করা হয়ত প্রয়োজন হতে পারে COVID-19 এর প্রাদুর্ভাবের প্রতিক্রিয়াস্বরুপ, যার মধ্যে আছে, কিন্তু তাতে সীমিত নয়, চিকিৎসাগত নথি বজায় রাখা যা রোগিদের মূল্যায়ন এবং চিকিৎসার প্রতিফলন করে, বা নির্ণায়ক কোড আরোপ করা বাধ্যতামূলক করে অথবা বিলিং এর জন্য অন্যান্য নথি বজায় রাখা আবশ্যক করে। এই বিধান অনুসারে যে কোন ব্যক্তি যিনি যুক্তিসঙ্গতভাবে এবং বিশ্বাস অনুযায়ী কাজ করেন, তাকে যে কোন নথি বজায় রাখার বাধ্যবাধকতার ব্যর্থতার দায়বদ্ধতা থেকে চরম অনাক্রম্যতা প্রদান করা হবে। এই বিধানের অধীনে যুক্তিসঙ্গত ভাবে এবং সৎ বিশ্বাসে কাজ করা যে কোন ব্যক্তিকে দায়বদ্ধতা থেকে রক্ষা করার জন্য, চিকিৎসা সংক্রান্ত রেকর্ড বজায় রাখার প্রয়োজনীয়তা থেকে;

- নির্বাহী আদেশ 202.76, যা প্রদান করে যে পারিবারিক আদালত আইনের (Family Court Act) সকল স্থগিতাদেশ 18 ডিসেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে, তা এতদ্বারা সংশোধন করা হল এই মর্মে যে পারিবারিক আদালতের সকল স্থগিতাদেশ এই নির্বাহী আদেশের, যেমন কোন ভবিষ্যৎ নির্বাহী আদেশ দ্বারা প্রসারিত বা সংশোধিত হতে পারে, তা মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে।

- COVID-19 রেন্ট রিলিফ আইনের (COVID-19 Rent Relief Act) 2020 এর অধ্যায় 125 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন ভাড়ার ত্রাণ প্রদান করার জন্য যা অন্যথায় এই আইনে উল্লিখিত আছে, যে কোন ভাড়াটের প্রমাণ দেওয়া আবশ্যক যে তিনি তার স্থূল মাসিক আয়ের 30 শতাংশের বেশি ভাড়া বাবদ প্রদান করছিলেন মার্চ 2020-র আগে।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর 29-a সেকশন অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 17 জানুয়ারী 2021 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশ জারি করছি:

- কর আইনের (Tax Law) সেকশন 1145 অনুযায়ী দেরিতে দাখিল ও পরিশোধের জরিমানা কমানোর জন্য কর ও অর্থ কমিশনারের কর্তৃত্ব, কমিশনার কর্তৃক সুদ কমানো অনুমোদনের জন্য যেমন প্রয়োজন, তেমন সংশোধন করা হয়, 91 দিনের জন্য, রেস্টুরেন্ট এবং অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানের জন্য যাদের রিটার্ন ফাইল করা বাধ্যতামূলক এবং বিক্রয় ও ব্যবহারিক কর ছাড় দেওয়া ত্রৈমাসিক সময়ের জন্য 21 ডিসেম্বর 2020 এর মধ্যে, সেই বিক্রয় করের সময়ের জন্য যা 30 নভেম্বর, 2020-তে শেষ হয়েছে, এবং নির্বাহী আদেশ 202.81 বা 202.68 দ্বারা ইনডোর ডাইনিং বন্ধ করতে হবে কারণ তারা এমন একটি এলাকায় অবস্থিত যা 18 ডিসেম্বর 2020-তে একটি "কমলা অঞ্চল" হিসেবে চিহ্নিত করা হয়েছে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

ডিসেম্বর মাসের আঠেরোতম দিনে এটি

প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব